

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ০২০-১ আমি শপথ করছি এ (পবিত্র) নগরীর,
০২০-২ এ নগরীতে তুমি (দায়দায়িত্বমুক্ত) একজন বাসিন্দা।
০২০-৩ আমি শপথ করছি (আদি) পিতা ও (তার গুরস থেকে) যা সে জন্ম দিয়েছে
(তাদের),
০২০-৪ আমি মানুষকে এক কঠোর পরিশ্রমের মাঝে পয়সা করেছি;
০২০-৫ এ মানুষটি কি একথা মনে করে, তার ওপর কারোই কোনো ক্ষমতা চলবে
না?
০২০-৬ সে বলে, আমি তো প্রচুর সম্পদ উড়িয়ে দিয়েছি;
০২০-৭ সে কি ভেবেছে তার এসব (কর্মকান্ড) কেউ দেখেনি?
০২০-৮ আমি কি (ভালোমন্দ দেখার জন্যে) তাকে দুটো চোখ দেইনি?
০২০-৯ আমি কি তাকে একটি জিহ্বা ও দুটো হাঁট দেইনি?
০২০-১০ আমি কি তাকে (ন্যায় অন্যায়) দুটো পথ বলে দেইনি?
০২০-১১ (কিন্তু সে তো দুর্গম পথ) পার হওয়ার হিম্মত দেখায়নি,
০২০-১২ তুমি কি জানো সে দুর্গম পথটি কি?
০২০-১৩ (তা হচ্ছে) দাসত্বের শিকল খুলে (কাউকে মুক্ত করে) দেয়া,

- 0৯০-১৪ দুর্ভিক্ষের দিনে কাউকে (কিছু) খাবার দেয়া,
- 0৯০-১৫ নিকটতম কোনো আত্মীয় এতীমকে আহ্বার পৌঁছানো,
- 0৯০-১৬ কিংবা ধুলো লুষ্ঠিত কোনো মিসকীনকে কিছু দান করা;
- 0৯০-১৭ অভঃপর তাদের দলে শামিল হয়ে যারা ঈমান আনবে এবং একে অপরকে
ত্বৈর্যের অনুশীলন করাবে এবং একে অপরকে দয়া দেখানোর উপদেশ
দেবে;
- 0৯০-১৮ (সত্যিকার অর্থে) এরাই হচ্ছে ডান দিকের (সৌভাগ্যবান লোক);
- 0৯০-১৯ আর যারা অস্বীকার করেছে তারা হচ্ছে বাম দিকের ব্যর্থ লোক,
- 0৯০-২০ যেখানে তাদের ওপর আগুনের শিখা ছেয়ে থাকবে।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed
Al Quran Academi London

*Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr*